গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর-৮০.০০.০০০০.২০০.০৪৬.০৩৬.২০২০-২৫৩ তারিখ : ৩০.১১.২০২০

বিজ্ঞপ্তি

৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০

বাংলাদেশ সিভিল সার্ভিসের স্বাস্থ্য ক্যাডারের নিম্নোক্ত শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর মাধ্যমে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

ক্যাডারের নাম	পদের নাম	ক্যাডার পদের কোড	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড	লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড
বি.সি.এস. (স্বাস্থ্য)	সহকারী সার্জন	৪১০	২০০০	এম.বি.বি.এস. অথবা সমমানের ডিগ্রি	৩৭১	৭৭১

১.০ বিশেষ নির্দেশনা

১.১ নতুন পদসৃষ্টি, পদবিলুপ্তি, পদোন্নতি, কর্মকর্তার অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.২ বি.সি.এস. (স্বাস্থ্য) ক্যাডার পদের জন্য কোন প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে অর্জিত কোন ডিগ্রিকে বি.সি.এস. (স্বাস্থ্য) ক্যাডারের পদের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতার সমমানের দাবি করলে তাকে সে মর্মে বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে BPSC Form-1(Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। ইকুইভ্যালেন্স সনদের জন্য বিদেশ হতে অর্জিত মেডিকেল ডিগ্রিধারীদের বি.এম.ডি.সি.'র সাথে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হচ্ছে। ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১.৩ যদি কোন প্রার্থী এম.বি.বি.এস./সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন এবং তার ঐ পরীক্ষার ফলাফল ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র দাখিলের (অনলাইন রেজিস্ট্রেশনের) শেষ তারিখ পর্যন্ত প্রকাশিত না হয় তাহলেও তিনি অবতীর্ণ প্রার্থী হিসেবে অনলাইনে আবেদন করতে পারবেন, তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার এম.বি.বি.এস./সমমানের সকল লিখিত পরীক্ষা ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ ২৭.১২.২০২০ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে।

২.০ অনলাইনে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র (BPSC Form-1) পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময়

২.১ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭.১২.২০২০ তারিখ, সকাল ১০.০০ মিনিট।

২.২ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭.১২.২০২০ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট।

২.৩ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৭.১২.২০২০ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিটের মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ৩০.১২.২০২০ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত) sms এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন। **নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

২.৪ Applicant's Copy-তে বর্ণিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘণ্টা) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে প্রার্থীদের আবেদন করতে পরামর্শ দেয়া হচ্ছে।

৩.০ বয়সসীমা (Age limit)

৩.১ ০১.১১.২০২০ খ্রিষ্টাব্দ তারিখে প্রার্থীর বয়সঃ ২১ হতে ৩২ বছর (জন্ম তারিখ সর্বনিম্ন ০২.১১.১৯৯৯; সর্বোচ্চ ০২.১১.১৯৮৮ পর্যন্ত)

৩.২ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪.০ নাগরিকত্ব (Nationality)

৪.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪.২ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৫.০ লিঙ্গ (Gender)

লিঙ্গ নির্বিশেষে বিজ্ঞাপিত যোগ্যতাধারী বাংলাদেশের যে কোন নাগরিক ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এ অংশগ্রহণের জন্য যোগ্য হবেন।

৬.০ চাকরিরত প্রার্থী

প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৭.০ অনলাইনে আবেদনপত্র (BPSC Form-1) পূরণ পদ্ধতি

প্রার্থীকে Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। বর্ণিত ওয়েবসাইটে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তি, অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা এবং নির্ধারিত BPSC Form-1 দৃশ্যমান হবে। অনলাইন আবেদনপত্র (BPSC From-1) পূরণের বিষয়ে "৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর আবেদনপত্র (BPSC Form-1) অনলাইনে পূরণ, sms-এর মাধ্যমে 'ফি' জমাদান এবং Admit Card প্রাপ্তি" সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা শিরোনামে দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে নিতে পারবেন। উল্লেখ্য, BPSC Form-1 এ ক্লিক করলে Application Form for Technical Cadre/Professional Cadre এর Application Form দৃশ্যমান হবে। BPSC Form-1-এর ৩টি অংশ রয়েছে: Part-1: Personal Information, Part-2: Educational Qualification, Part-3: Cadre Option. BPSC Form-1 পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা এবং BPSC Form-1 এর প্রতিটি field-এর তথ্য/নির্দেশনা অনুসরণ করে BPSC Form-1 পূরণ করতে হবে।

৮.০ ঘোষণা (Declaration)

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য ঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করার সুপারিশ এবং কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯.০ ছবি (Photo) আপলোড

BPSC Form-1 এর Part-1, Part-2 এবং Part-3 সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 300 pixel এর কম বা বেশি নয় এবং File Size 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, এরূপ মাপের **অনধিক তিন মাস পূর্বে তোলা তার রঙিন ছবি** আপলোড করতে হবে। উল্লেখ্য, **সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।** Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

১০.০ স্বাক্ষর (Signature) আপলোড

Application Preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 80 pixel এর কম বা বেশি নয় এবং File Size 60 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে।

১১.০ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ৯(৪)(ক)(খ) এর বিধান অনুযায়ী পরীক্ষার ফি প্রদান

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-1) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী **ছবি ও স্বাক্ষর** আপলোড করে নিবন্ধন সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমা সম্পন্ন হলে প্রার্থী অনলাইনে একটি User ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Application Preview ও Applicant's Copy-তে প্রার্থীর ছবি ও স্বাক্ষর অবশ্যই দৃশ্যমান হতে হবে। এই User ID ব্যবহার করে Teletalk BD Ltd. এর sms এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থী বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ৯(৪)(ক) অনুযায়ী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে sms করে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর ফি ৭০০/- (সাতশত) টাকা জমা দিবেন। একই বিধিমালার বিধি ৯(৪)(খ) এর বিধানমতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থী পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমা দিবেন। **উল্লেখ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থী না হয়েও কোন প্রার্থী ১০০/- (একশত) টাকা ফি জমা করে ফরম পূরণ শেষে প্রবেশপত্র গ্রহণ করলেও আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর সংশোধনের পুনঃ আবেদন গ্রহণযোগ্য হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে বর্ণিত গুরুতর (Substantive) ত্রুটির কারণে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

১২.০ ফি জমা দেয়ার পদ্ধতি

প্রথম SMS: BCS <space>User ID লিখে send করুন 16222 নম্বরে।

Example : BCS QRNTCBTP

Reply : Applicant's Name, Tk-700 (Tk-100 for Physically Disabled, Ethnic Minority Group and Third Gender Group Candidates) will be charged as Application Fee. Your PIN is (8 digit number) 12345678. To Pay Fee, type BCS < Space>Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: BCS <space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে

Example : BCS YES 12345678

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for 42nd BCS (Special) Examination-2020. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx)

N.B.: For Lost Password, Please Type BCS<Space>HELP<Space>SSC Board <Space> SSC Roll<Space>SSC Year and send to 16222

১৩.০ প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড

বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি প্রদান করলে টেলিটক হতে প্রেরিত sms বার্তায় প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দকৃত রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র তাৎক্ষণিকভাবে ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন।

কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ নিম্নে প্রদান করা হলো:

কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ
ক. ঢাকা	১১০০০০০১-১১৯৯৯৯৯৯
খ. রাজশাহী	১২০০০০০১-১২৯৯৯৯৯৯
গ. চট্টগ্রাম	১৩০০০০০১-১৩৯৯৯৯৯৯
ঘ. খুলনা	১৪০০০০০১-১৪৯৯৯৯৯৯
ঙ. বরিশাল	১৫০০০০০১-১৫৯৯৯৯৯৯
চ. সিলেট	১৬০০০০০১-১৬৯৯৯৯৯৯
ছ. রংপুর	১৭০০০০০১-১৭৯৯৯৯৯৯
জ. ময়মনসিংহ	১৮০০০০০১-১৮৯৯৯৯৯৯

১৪.০ একাধিক ফরম পূরণ নিষিদ্ধ

কোন প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে অনলাইনে আবেদন করে প্রবেশপত্র গ্রহণ করার পর পুনরায় অনলাইনে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে তা প্রমাণ হলে তার সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং তিনি কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

১৫.০ অনলাইনে BPSC Form-3 পূরণ

লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইনে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট অথবা টেলিটক বাংলাদেশ লি. এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে অতিরিক্ত তথ্য সংবলিত BPSC Form-3 অনলাইনে বাংলায় পূরণ করতে হবে। এ বিষয়ে কমিশন কর্তৃক প্রেসবিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ বর্ণিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে sms-এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত উক্ত সংক্ষিপ্ত ফরম (BPSC Form-3) ডাউনলোড করে এক কপি প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবেন।

১৬.০ মৌখিক পরীক্ষার বোর্ডে BPSC Form-1 (Applicant's Copy) সহ সংশ্লিষ্ট সনদ/ডকুমেন্টস জমাদান

লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট অথবা টেলিটক বাংলাদেশ লি. এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইট থেকে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর জন্য অনলাইনে পূরণকৃত BPSC Form-1 (Applicant's Copy) কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ডাউনলোড করে সংগ্রহ করবেন। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নির্দেশনা অনুসরণ করে BPSC Form-1 সহ **নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস এর ২ (দুই) কপি** মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে:

১৬.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত তিন (০৩) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-1 এর বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

১৬.২ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি। অবতীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত অবতীর্ণ প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। **এম.বি.বি.এস./সমমানের পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ উল্লেখবিহীন** কোন **অবতীর্ণ প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে** না **এবং প্রার্থিতাও বাতিল হবে।**

১৬.৩ বয়স প্রমাণের জন্য এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "**O-Level**" এবং "**A-Level**" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ [যেমন- পাসপোর্টের কপি, জন্ম সনদ]। **উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

১৬.৪ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তির **১.২** অনুচ্ছেদ অনুযায়ী বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

১৬.৫ বি.এম.ডি.সি. কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি।

১৬.৬ প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

১৬.৭ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

১৬.৮ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।

১৬.৯ জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে এমন প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন এবং কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে তা প্রদর্শন করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

১৬.১০ **ছাড়পত্র:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের কমিশনের ওয়েবসাইটে আপলোডেড অনাপত্তি/ছাড়পত্র ফরম ডাউনলোড করে যথাসময়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন যাতে মৌখিক পরীক্ষার বোর্ডে ছাড়পত্রের কপি জমা দিতে পারেন। **সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১৬.১১ **অপসারণ আদেশ/ইস্তফাপত্রঃ** চাকরি হতে অপসারিত (Removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এ সব ক্ষেত্রে প্রার্থীকে তাদের BPSC Form-1 এর সাথে চাকরি হতে অপসারণ আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৬.১২ কোন প্রার্থী অনলাইন আবেদনপত্র BPSC Form-1 জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোন চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত **অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের** কপি জমা দিতে হবে। **অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১৬.১৩ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

১৬.১৪ **প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম):** প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে। ওয়েবসাইট থেকে প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষার বোর্ডে ৩ (তিন) কপি জমা দিতে হবে।

১৬.১৫ মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে পূরণকৃত BPSC Form-3 আবশ্যিকভাবে জমা দিতে হবে।

১৬.১৬ বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে সরকারের অনুমতিপত্র।

১৬.১৭ BPSC Form-1এবং সংযুক্ত সকল ডকুমেন্টস অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধু ক্রটিমুক্ত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। কেবল লিখিত পরীক্ষায় কৃতকার্য হলেই মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্যতা অর্জিত হবে না। লিখিত পরীক্ষায় কৃতকার্য হওয়া যে সকল প্রার্থী সংশ্লিষ্ট সকল ডকুমেন্টের কপিসহ BPSC Form-1 এর মুদ্রিত কপি জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল হবে এবং সে সকল প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

১৭.০ MCQ Type লিখিত পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ

৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর **MCQ Type লিখিত পরীক্ষা ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে** অনুষ্ঠিত হতে পারে। সুনির্দিষ্ট তারিখ ও সময় যথাসময়ে কমিশনের ওয়েবসাইট এবং সংবাদ মাধ্যমে প্রকাশ করা হবে।

১৮.০ পরীক্ষার নম্বর বণ্টন:মোট নম্বর:৩০০

ক. লিখিত পরীক্ষা [MCQ Type] : ২০০
খ. মৌখিক পরীক্ষা : ১০০
সর্বমোট = ৩০০

১৯.০ লিখিত পরীক্ষার সময়, বিষয়সমূহ ও নম্বর বণ্টন

১৯.১ প্রার্থীদেরকে নিম্নোক্ত বিষয় এবং নম্বর বণ্টন অনুযায়ী ২০০ (দুইশত) নম্বরের একটি Multiple Choice Question (MCQ Type) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্ণ সময় দেয়া হবে ২ (দুই) ঘণ্টা।

MCQ Type লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর বণ্টন নিম্নে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	বিষয়	নম্বর বণ্টন
১.	মেডিকেল সায়েন্স	১০০
২.	বাংলা	২০
৩.	ইংরেজি	২০
৪.	বাংলাদেশ বিষয়াবলি	২০
৫.	আন্তর্জাতিক বিষয়াবলি	২০
৬.	মানসিক দক্ষতা	১০
৭.	গাণিতিক যুক্তি	১০
	সর্বমোট =	**২০০**

১৯.২ পরীক্ষায় মোট ২০০ (দুইশত) টি MCQ Type প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১(এক) নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত মোট নম্বর হতে ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কাটা যাবে।

২০.০ পরীক্ষাকেন্দ্র

MCQ Type লিখিত পরীক্ষা কেবল ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে শর্ত থাকে যে, প্রার্থী সংখ্যা এবং পরিস্থিতি বিবেচনায় কমিশনের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ঢাকার বাইরে অন্যান্য কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে।

২১.০ প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক প্রদান

প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র, ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির দরখাস্ত দাখিল করতে হবে।

২২.০ MCQ Type লিখিত পরীক্ষায় যথাযোগ্যতা

২২.১ MCQ Type লিখিত পরীক্ষার পাশ নম্বর কমিশন কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

২২.২ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে না লিখলে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ না করলে বা কোনরূপ কাটাকাটি করলে প্রার্থিতা বাতিল হবে।

২৩.০ মৌখিক পরীক্ষা

২৩.১ যে সকল প্রার্থী MCQ Type লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হবেন এবং লিখিত পরীক্ষার পর যাদের দাখিলকৃত BPSC Form-1 সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত পাওয়া যাবে শুধু তারাই ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

২৩.২ মৌখিক পরীক্ষার পূর্ণ নম্বর ১০০ (একশত) এবং পাস নম্বর ৫০ (পঞ্চাশ)।

২৪.০ লিখিত পরীক্ষার উত্তরপত্র ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা ও উত্তরপত্র পুনঃ পরীক্ষা

২৪.১ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা-২০১৪ এর বিধান অনুযায়ী লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসেবে গণ্য হবে। কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে উত্তরপত্র প্রদর্শন বা প্রদান করা হবে না। **লিখিত পরীক্ষার উত্তরপত্র পুনঃপরীক্ষণ বা পুনঃ নিরীক্ষণের আবেদন গ্রহণ করা হবে না।**

২৪.২ মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা সংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

২৫.০ MCQ Type লিখিত পরীক্ষার সিলেবাস প্রাপ্তি

MCQ Type লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস আগামী ০৭.১২.২০২০ তারিখ, সকাল ১০.০০ মিনিট থেকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লি. এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রার্থীরা কমিশনের ওয়েবসাইট থেকে তাদের লিখিত পরীক্ষার সিলেবাস ডাউনলোড করতে পারবেন।

২৬.০ অনলাইনে সাক্ষাৎকারপত্র প্রাপ্তি

মৌখিক পরীক্ষার জন্য কমিশন হতে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) স্বাক্ষরিত ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে। কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইট হতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ডাউনলোড করে সংগ্রহ করবেন। কমিশন কর্তৃক ঘোষিত ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০ এর মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ, রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সাক্ষাৎকারপত্রের ০১ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে বর্ণিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। **নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত না হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

২৭.০ স্বাস্থ্য পরীক্ষা

কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে। মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষাকালীন প্রার্থীদের নিম্নোক্ত দৈহিক যোগ্যতা থাকতে হবে :

প্রার্থী	ন্যূনতম উচ্চতা	ন্যূনতম ওজন
পুরুষ	৫' (১৫২.৪০ সে. মি.)	৯৯.১১ পাউন্ড (৪৫ কে.জি.)
মহিলা	৪'. ১০" (১৪৭.৩২ সে. মি.)	৮৮.১০ পাউন্ড (৪০ কে.জি.)

উপর্যুক্ত শারীরিক উচ্চতা না থাকলে কোন প্রার্থী নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না। কোন প্রার্থীর উল্লেখিত ওজন না থাকলে তিনি সাময়িকভাবে অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীকে বিধি অনুযায়ী দৃষ্টিশক্তিসম্পন্ন হতে হবে। অন্যান্য স্বাস্থ্যগত যোগ্যতা সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলি যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার বিধানসমূহ সরকারি সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

২৮.০ বিজ্ঞপ্তির শর্তের প্রাধান্য ও যোগাযোগের ক্ষেত্রসমূহ

২৮.১ এ বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা যদি অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) কোন শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তাহলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **তবে কোন বিষয় উল্লেখ করা না থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাখ্যা দিবে।**

২৮.২ পরীক্ষা সংক্রান্ত কোন দরকারি বা অন্যান্য চিঠিপত্র কমিশনের "**পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭**" এই ঠিকানায় পাঠাতে হবে।

২৮.৩ প্রার্থীর ঠিকানায় কোন পরিবর্তন হলে প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)-কে যথাসময়ে লিখিতভাবে জানাতে হবে।

২৯.০ মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি

২৯.১ কোন প্রার্থী আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন, হাতঘড়ি, কমিশন কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী/ডিভাইস বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসদুপায়ের আশ্রয় গ্রহণ করলে বা পরীক্ষার হলে কোনরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে **বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪**-এর বিধান এবং **বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা, ২০০০** অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক পরিচালিত পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে।

২৯.২ ২৯.১ এ বর্ণিত অপরাধে জড়িত সংশ্লিষ্ট প্রার্থীকে ক্ষেত্র বিশেষে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩০.০ নন-ক্যাডার পদে সুপারিশ

লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পদস্বল্পতার কারণে ৪২তম বি.সি.এস. (বিশেষ) পরীক্ষা-২০২০-এর বিজ্ঞাপিত ক্যাডার পদে যে সকল প্রার্থী সুপারিশপ্রাপ্ত হবেন না সে সকল প্রার্থীকে সরকার কর্তৃক জারীকৃত নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এবং সংশোধিত বিধিমালা-২০১৪ এর বিধানাবলি অনুসরণপূর্বক শর্ত সাপেক্ষে (অধিযাচনপত্র প্রাপ্তি) নন-ক্যাডার প্রারম্ভিক পদে নিয়োগের লক্ষ্যে কমিশন কর্তৃক সুপারিশ প্রদান প্রক্রিয়ায়ন করা হবে। তবে এ ধরনের প্রক্রিয়ায়ন সুপারিশ প্রাপ্তির কোন নিশ্চয়তা প্রদান করবে না।

৩১.০ পরীক্ষা সংক্রান্ত আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়

৩১.১ BPSC Form-1 এর তথ্যের ভিত্তিতে প্রার্থীর যাবতীয় কার্যক্রম সম্পাদিত হবে।

৩১.২ BPSC Form-1 এ নাম, রেজিস্ট্রেশন নম্বর, জন্ম তারিখ বা কোনরূপ গুরুতর (Substantive) ত্রুটি থাকলে পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ থাকবে না এবং এরূপ ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে। **অনলাইনে ফরম পূরণের সময় নাম, জন্ম তারিখসহ প্রতিটি তথ্য অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে।**

৩১.৩ প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি. অথবা সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে (BPSC Form-1) হুবহু সে ভাবে লিখতে হবে। প্রার্থীর নাম ও পিতার নাম ঠিকভাবে না লিখলে প্রার্থিতা বাতিল হবে।

৩১.৪ যে কোন পর্যায়ে গুরুতর অসম্পূর্ণতা (Substantively Incomplete) ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে। গুরুতর (Substantive) ত্রুটি সম্পর্কিত গেজেট নোটিফিকেশন কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

৩১.৫ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সরকারের সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

৩২. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লি. এর http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

[শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র (BPSC Form-1) পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি সহ জমাদান প্রক্রিয়া সম্পন্ন করুন]

[যথাযথ জ্ঞানার্জনের মাধ্যমে বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নির্বাচিত হয়ে দেশ সেবার পবিত্র সুযোগ লাভ করুন]

নূর আহ্মদ
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[যুগ্মসচিব]